# সাম্প্রতিক অর্জনসমূহ

বাংলাদেশ এলডিসি পর্যায়ে উত্তরনের প্রেক্ষাপটে এবং ক্রমবর্ধিষ্ণু জনসংখ্যার প্রাণীজ আমিষের (দুধ, ডিম ও মাংস) চাহিদা মেটাতে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে বিদ্যমান প্রাণিসম্পদের সংরক্ষণ, সম্প্রসারণ ও জাত উন্নয়ন ক্ষেত্রে কুলাউড়া উপজেলায় অভাবনীয় অগ্রগতি সাধিত হয়েছে।

- সাম্প্রতিক অর্থবছরসমূহে গবাদিপশুর জাত উন্নয়নে যথাক্রমে ৫২৬৩, ৪৮৫২ ও ৫৭০০ প্রজননক্ষম গাভী/বকনাকে কৃত্রিম প্রজননের আওতায় আনা হয়েছে। উৎপাদিত সংকর জাতের বাছুরের সংখ্যা যথাক্রমে ১৫৪৫ , ১৬৫৯ ও ১৭৪৭ টি।
- বিদ্যমান প্রাণিসম্পদের সংরক্ষণ ও সম্প্রসারণে যথাক্রমে ৪১২১১০,৪৯৪৬৪০ ও ৫৩৪৬১০ মাত্রা গবাদিপশু-পাখিকে টিকা প্রদান করা হয়েছে এবং যথাক্রমে ১৩৩৭৪৫, ১৭২৪৪৪ ও ২৪৯১৭০ গবাদিপশু-পাখিকে চিকিৎসা প্রদান করা হয়েছে।
- খামারির সক্ষমতা বৃদ্ধি, খামার ব্যবস্থাপনার উন্নয়ন ও খামার সম্প্রসারণে যথাক্রম ২২৮, ৪৩৫ ও ১৪৯৪ খামারিকে প্রশিক্ষণ প্রদানসহ যথাক্রমে ৭১ ,৮৭ ও ১১২ টি উঠান বৈঠক পরিচালনা করা হয়েছে।
- নিরাপদ ও মানসম্মত প্রাণীজ আমিষ উৎপাদনে যথাক্রমে ১৯৩ ,১৩২ ও ১৮৮ টি খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন ৬০ , ৬০ জন মাংস প্রক্রিয়াজাতকারী (কসাই) প্রশিক্ষণ এবং ১ , ১ ও ১ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।